



এক নজরে



সম্পাদকীয়



শ্রেফতার



দায়েরকৃত
উল্লেখযোগ্য মামলা



হট লাইনডিজিটিক
অভিযান



প্রশিক্ষণ



বিচার ও দন্ত



সভা-গণসভনামি
অভিযান কর্মসূচি



Like us on
Facebook

facebook.com/acc.org.bd



১০৪
নথরে ক্রি কল করুন

মাসিক দুদক বা তা

www.acc.org.bd

সম্পাদকীয়

কমিশন ২০১৯ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত দেশের ৪,১৪৯টি শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোর স্থাপন করেছে। শিক্ষার্থীদের মধ্যে সততার ব্যবহারিক চৰ্চার বিকাশ ঘটানোর নিমিত্তে কমিশন ২০১৬ সাল থেকে তরুণ প্রজন্ম বিশেষ করে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে উত্তম চৰ্চার বিকাশে বিভিন্ন বিদ্যালয়ে সততা স্টোর গঠনের উদ্যোগ নেয়। ২০১৭ সালে কমিশন সততা স্টোর গঠন সংক্রান্ত নীতিমালার অনুমোদন দেয়। কেবল ২০১৯ সালেই কমিশন ২,১৭৭টি সততা স্টোর স্থাপন করেছে। বিগত চার বছরে ৪,১৪৯টি সততা স্টোর স্থাপিত হয়েছে।

কমিশন বিশ্বাস করে সততা ও নৈতিকতা প্রাত্যক্ষিক জীবনে নিবিড় চৰ্চার বিষয়। পরিশুল্ক সমাজ বিনির্মাণে সততা চৰ্চার কোনো বিকল্প নেই। তরুণরা অনুকূলণ প্রিয় হয়। তাদের মননে কোনটি সঠিক কিংবা ভুল তা নির্ধারিত হলে, সঠিক অবস্থান নিতে তারা ভুল করবে না।


দুদক এই উদ্যোগে তরুণ প্রজন্মের মাঝে সততা ও নৈতিকতাকে শাশ্বত করার জন্য বহুমাত্রিক কার্যক্রম পরিচালনা করছে। কমিশনের এই কার্যক্রমের নতুন সংযোজন হচ্ছে সততা স্টোর। অভিযন্ব এই স্টোর বা দোকান স্থাপন করা হচ্ছে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে। এসব দোকানে বিভিন্ন শিক্ষা উপকরণের পাশাপাশি রয়েছে বিস্কুট, চিপস, চকোলেট ইত্যাদি। রয়েছে প্রতিটি পণ্যের মূল্য তালিকা, পণ্যমূল্য পরিশোধের জন্য ক্যাশ বা ক্রেডিট ইত্যাদি, নেই শুধু বিক্রেতা। শিক্ষার্থীরা তাদের প্রয়োজনীয় পণ্য কিনে ক্যাশ বাঞ্চে পণ্য মূল্য পরিশোধ করছে। কমিশনের নিকট এখন পর্যন্ত এ সকল স্টোর পরিচালনার ক্ষেত্রে অনেতিকৃতার কোনো অভিযোগ আসেনি। এই স্বচ্ছতা এবং সততা কমিশনকে আশাবিহীন করছে। কমিশনের উদ্যোগ ছাড়াও কোনো স্কুল কর্তৃপক্ষ, স্থানীয় প্রশাসনিক কর্মকর্তাগণ স্ব-প্রগোদ্ধিত হয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোর স্থাপন করছেন।

আজ পর্যন্ত এসব সততা স্টোরের স্বচ্ছতা নিয়ে কোনো অভিযোগ কমিশনে আসেনি। আমরা আশাবিহীন আমাদের সন্তানতুল্য শিক্ষার্থীরা নৈতিকতার উৎকর্ষ সাধনে উৎৌর্ধ্ব। তাদের বিরুদ্ধে কোনো অভিযোগ নেই। তারাই একদিন আমাদের নৈতিক মূল্যবোধের হারিয়ে যাওয়া মানদণ্ড ফিরিয়ে আনবে। পরিশুল্ক মানুষের শুল্ক সমাজ গঠন হবে। একদিন দুর্নীতিপরায়ণ, স্বুঝোর, কালোবাজারি, অর্থ পাচারকারী, ক্ষমতার অপব্যবহারকারী, মুনাফাখোর তথ্য অনৈতিক কর্মে লিপ্ত মানুষগুলো এদেশের শুল্ক সমাজে অপাঙ্গভেয় হয়ে পরবে।



গ্রেফতার

গণশুনানি



বিভিন্ন মামলায় তদন্তকারী কর্মকর্তাগণ আইনি প্রক্রিয়ায় ফেব্রুয়ারি/২০২০ মাসে ০১(এক) জনকে গ্রেফতার করেছেন।

গ্রেফতারকৃত আসামির নাম	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
মোঃ মিজানুর রহমান, সাবেক প্রধান সহকারী, খুলনা জেলা পরিষদ, খুলনা।	মোঃ মিজানুর রহমান সিডিউল বিক্রয় বাবদ ২৬,১৮,৯৮০/- টাকা, অর্থ ভাতা বিল বাবদ ১,৮৩,৫০৮/- টাকা এবং খেয়াঘাটের খাস আদায় বাবদ ২১,৩২,১২০/- টাকাসহ সর্বমোট (২৬,১৮,৯৮০/- + ১,৮৩,৫০৮/- + ২১,৩২,১২০/-) = ৪৯,৩৪,৬০৮/- টাকা আত্মসাত করার অভিযোগ।

কমিশন ফেব্রুয়ারি/২০২০ মাসে ০১টি গণশুনানি পরিচালনা করেন।

গণশুনানির সংখ্যা

০১টি

গণশুনানির স্থান

রাঙাবালী, পটুয়াখালী।

দায়েরকৃত উল্লেখযোগ্য কয়েকটি মামলা

কমিশন ফেব্রুয়ারি/২০২০ মাসে ক্ষমতার অপব্যবহার, অর্থ আত্মসাত, জ্ঞাত আয় বিহীনভূত সম্পদ অর্জনসহ বিভিন্ন দুর্নীতির অভিযোগে ১৪টি মামলা দায়ের করেছে। উল্লেখযোগ্য কতিপয় মামলার বিবরণ:

আসামির পরিচিতি	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
মোঃ শামীম করীর, চেয়ারম্যান, ফারইষ্ট ইসলামী মাল্টি কো-অপারেটিভ সোসাইটি লিঃ।	দুর্নীতি দমন কমিশনে দাখিলকৃত সম্পদ বিবরণীতে ২১,৯১,৪১,৮৩১/- টাকার জ্ঞাত আয় বিহীনভূত সম্পদ অর্জন ও মানিলভারিং।
মুর মোহাম্মদ, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), জনতা বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুমিল্লা।	জাল সনদের মাধ্যমে প্রাথমিক বিদ্যালয়ে চাকরি নেয়ার অভিযোগ।
মোঃ দুলাল হোসেন, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা-মহাদেবপুর, জেলা-নওগাঁ।	মুক্তিযোদ্ধার ভূয়া সার্টিফিকেট দ্বারা চাকরি নেয়ার অভিযোগ।



অভিযোগ কেন্দ্র (১০৬) ভিত্তিক অভিযান

কমিশন ফেব্রুয়ারি/২০২০ মাসে ১৪২টি অভিযান পরিচালনা করে।

অভিযানের সংখ্যা	অভিযানভুক্ত কতিপয় দণ্ডন/প্রতিষ্ঠান
১৪২টি	<p>নগরিক সেবা : সিটি কর্পোরেশন; পৌরসভা; ইউনিয়ন পরিষদ; সমাজসেবা ও ত্রান ও ভাতা; ভাক বিভাগ; নির্বাচন অফিস।</p> <p>শিক্ষা : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদণ্ডন; শিক্ষা প্রতিষ্ঠান; জেলা শিক্ষা অফিস।</p> <p>ভূমি : ডিসি অফিসের এল.এ শাখা; এসি (ল্যান্ড) অফিস; সাব-রেজিস্ট্রারের কার্যালয়; ইউনিয়ন ভূমি/তহসিল অফিস; রাজউক ইত্যাদি।</p> <p>পরিবহন খাত : বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ); বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডিপিটিএ); বিমানবন্দর; পোর্ট।</p> <p>অন্যান্য : বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন; যমুনা ওয়েল; সার্টিফিকেট জালিয়াতি রোধ; কর্মসূজন একক; দুর্যোগ ব্যবস্থাপনা; বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ; আইসিটি বিভাগ ইত্যাদি।</p>

প্রশিক্ষণ

ফেব্রুয়ারি/২০২০ মাসে কমিশনের ১২জন কর্মকর্তাদের দেশে-বিদেশে প্রশিক্ষণের আয়োজন করা হয়।

প্রশিক্ষণ কর্মসূচির সংখ্যা	প্রশিক্ষণের নাম	প্রশিক্ষণের স্থান	প্রশিক্ষণার্থীদের সংখ্যা
০১	Investigation of Anti-Corruption Cases including Procurement and Contract Frauds" শীর্ষক প্রশিক্ষণ।	CBI, India.	১০ জন
০২	ফিলিপিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা), মিরপুর, ঢাকা কর্তৃক দুর্নীতি দমন কমিশনের কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ।	ফিলিপিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা)	৩০ জন
০৩	ভারতের CBI Academy তে "Investigation of Anti-Corruption Cases including Procurement and Contract Frauds" শীর্ষক প্রশিক্ষণ।	দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	১০ জন
০৪	দুর্নীতি দমন কমিশনে নব যোগদানকৃত অফিস সহায়ক ও নিরাপত্তারক্ষীদের ওয়ারিয়েটেশন কোর্স।	দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	৪৭ জন
০৫	দুর্নীতি দমন কমিশনে নব যোগদানকৃত কনস্টেবল ও ডেসপাস রাইডারদের ওয়ারিয়েটেশন কোর্স।	দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	২৫ জন

ওরুত্তপূর্ণ মামলার বিচার ও দণ্ড

ফেব্রুয়ারি মাসে ৩১টি মামলা বিচারিক আদালতে রায় হয়েছে। এর মধ্যে ২২টি মামলায় সাজা হয়েছে। সাজা হওয়া উল্লেখযোগ্য কতিপয় মামলা।

আসামির পরিচিতি	বিচারিক আদালতের রায়ের সংক্ষিপ্ত বিবরণ
মোঃ মজিবর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ফাইবার গার্ডেন লিঃ, বিসিক শিল্প নগরী, নারায়ণগঞ্জসহ ৪ জন।	আসামি মোঃ মজিবর রহমানসহ ৪ জনের ১০ বছর করে সশ্রম কারাদণ্ডসহ ০৪ কোটি টাকা জরিমানা অনাদায়ে আরো ০১ বছরের বিনাশ্রম কারাদণ্ডপ্রদান।
মোঃ ইউসুফ আলী দেওয়ান, পূর্ব বাইশ টেক, মিরপুর, ঢাকাসহ ৬ জন।	আসামি মোঃ ইউসুফ আলী দেওয়ান ও মোঃ জমির আলী দেওয়ানকে ০৫ বছর করে সশ্রম কারাদণ্ডসহ ০৫ লক্ষ টাকা করে জরিমানা অনাদায়ে আরো ০১ বছরের সশ্রম কারাদণ্ডপ্রদান।
শ্রী বিশ্বনাথ পাল, সভাপতি, রায়ের বাজার পাল সমিতিট্টাট, রায়ের বাজার, ঢাকাসহ ০২ জন।	আসামি শ্রী বিশ্বনাথ পালকে ৪০৯, ৪৬৭ ও ৪৭১ ধারায় ০৫ বছরের সশ্রম কারাদণ্ডসহ ২,৫২,২৫,০০০/- টাকা জরিমানা, ৪৬৭ ধারায় ০৩ বছরের সশ্রম কারাদণ্ডসহ ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ০১ মাসের কারাদণ্ড ও ৪৭১ ধারায় ০৩ বছরের সশ্রম কারাদণ্ডসহ ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ০১ মাসের কারাদণ্ড এবং পলাতক আসামি শ্রী সুখেন কুমাৰ পালকে ৪০৯ ও ১০৯ ধারায় ০৩ বছরের সশ্রম কারাদণ্ডসহ ০৩ লক্ষ টাকা জরিমানা প্রদান। শ্রী বিশ্বনাথ পালকে বিভিন্ন ধারায় প্রদত্ত উল্লেখিত দণ্ডসমূহ পৃথক পৃথকভাবে কার্যকর হবে।

দুর্নীতির কোনো ঘটনার প্রতিকার ও
প্রতিরোধের জন্য যেকোনো ফোন থেকে
দুদকের অভিযোগ কেন্দ্রের



হটলাইন-১০৬

নম্বরে ফ্রি কল করুন।

দুর্নীতি দমন কমিশনের অভিযোগ কেন্দ্রে নিচের দুর্নীতির
অভিযোগ সম্পর্কে জানাতে কল করুন



১০৬
ফ্রি



দুর্নীতি দমন কমিশন

দুর্নীতির
অপরাধ

- ঘৃষ্ণ
- অবেদ সম্পদ অর্জন
- অর্থপাচার
- ক্ষমতার অপব্যবহার
- সরকারি সম্পদ ও
অর্থ আতঙ্গাং

আলোচনা-গণপ্রনান্তি-প্রশিক্ষণ ও অভিযান



দুর্নীতি দমন কমিশনের সেমিনারে বক্তব্য রাখছেন
দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ।



দুদক ডে কেয়ার সেন্টার পরিদর্শন করেন
দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ, কমিশনার ও সচিব।




ভাবা শহিদের স্মরণে
আলোচনা সভা
২১ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি. সকাল ১০.০০ টা
গন, প্রধান কার্যালয়, ঢাকা



রাদাবালী, পটুয়াখালী জেলায় অনুষ্ঠিত গণপ্রনান্তিতে বক্তব্য রাখছেন
দুদক কমিশনার এ.এফ.এম আমিনুল ইসলাম।



দুদক অভিযোগকেন্দ্র-১০৬-এ অভিযোগের ভিত্তিতে তাৎক্ষণিক অভিযান।



দুদক অভিযোগকেন্দ্র-১০৬-এ অভিযোগের ভিত্তিতে তাৎক্ষণিক অভিযান।

মানুষ ঘুষ দেয়া বন্ধ করলে, ফাইল আটকে রাখারও অবসান ঘটবে **ঠ** দুর্নীতিকে না বলি